

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
আইসিটি শাখা
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণে এপ্রিল/২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি	: মাসুদা খানম : জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ১২/০৪/২০২১খ্রি.
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা
স্থান	: জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও ইনোভেশন অফিসার এর কক্ষ # ৫১০।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১। ইনোভেশন প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা:

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট ইনোভেশন প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সুফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা/নির্ণায়ক অনুযায়ী মার্চ/২০২১ এ ২ টি ইনোভেশন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। উদ্ভাবন পরিকল্পনা অনুযায়ী বাকী ১ টি প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে আলোচনা করা হয়।

২। উদ্ভাবনী ফান্ড প্রদান বিষয়ক আলোচনাঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, উদ্ভাবকগণকে তাঁদের প্রস্তাবিত বাজেটসহ আইডিয়া উপস্থাপনের ব্যাপারে অবহিত করা হয়েছে। সভার তারিখ প্রাপ্তি সাপেক্ষে উদ্ভাবকগণকে নির্দিষ্ট তারিখ এবং সময়ে আইডিয়া উপস্থাপনের ব্যাপারে জানানোর ব্যাপারে আলোচনা করা হয়।

৩. উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় একটি সহজিকৃত সেবা সারাদেশে রেল্লিকেশন সংক্রান্ত আলোচনাঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, “মৎস্য পরামর্শ সেবা” টির পাইলটিং সম্পন্ন হয়েছে। উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী সারাদেশে রেল্লিকেশনের নিমিত্ত অফিস আদেশ জারি সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়।

৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :


উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ২৪.০৩.২০২১ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভায় জানান।

আলোচনার শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্তসমূহ:

১. নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের মনোনয়ন তালিকা চূড়ান্তের সিদ্ধান্ত গৃহীত হয়;
২. ফান্ড প্রদানের নিমিত্ত মূল্যায়ন কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়;
৩. মৎস্য পরামর্শ সেবা সহজিকরণ কে সারাদেশে রেন্ডিকেশনের লক্ষ্যে অফিস আদেশ জারির সিদ্ধান্ত নেওয়া হয়;

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষ হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মাসুদা খানম)

জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)

ও

ইনোভেশন অফিসার

স্মারক নম্বরঃ ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০২.২০.১৩

তারিখঃ ১২ এপ্রিল, ২০২১

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ২) স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৪) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর;
- ৫) অফিস কপি।